গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.৬৪.৪২৬.১৯- ৯১(৫)

তারিখঃ ২০ মার্চ ২০২৪

**অফিস আদেশ**

জেডিপিসি'র ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যক্রম অনুযায়ী ৩য় কোয়ার্টারে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আগামী ২৪ মার্চ/২০২৪ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব গোপাল চন্দ্র দাশ, যুগ্মসচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

সংশ্লিষ্ট সকলকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Zoom Id: 6620168582
Password: 123456

**আলোচনার বিষয়সমূহ:**

ক) Citizen`s Charter এর ১ম ও ২য় কোয়ার্টারে বাস্তবায়িত কার্যক্রম বিষয়ে আলোচনা।
খ) Citizen`s Charter ১ম ও ২য় ত্রৈমাসিক তথ্যসমূহ হালনাগাদ নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা।
গ) Citizen`s Charter এর ৩য় কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়নে করণীয় বিষয়ে আলোচনা।

20.03.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩


বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)


০১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট ও টেকনোলজি রিসার্চ এন্ড টেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি।
০২। জনাব নুসরাত জাহান,সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৩। জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৪। জনাব আমিন আহমেদ, হিসাবরক্ষণ কর্মকর্তা, জেডিপিসি।
০৫। জনাব মোঃ আব্দুস ছালাম, পার্সোনাল অফিসার,জেপিপিসি।
০৬। সৈয়দ জাকারিয়া, পার্সোনাল অফিসার,জেপিপিসি।
০৭। জনাব মোঃ আব্দুল হান্নান মিয়াজী,পার্সোনাল অফিসার, জেডিপিসি।
০৮। সেন্টার ইন-চার্জ (সকল)
০৯। জনাব মোঃ মামুন আল ফেরদৌস, কম্পিউটার এন্ড ডাটা ব্যাংক অপারেটর, জেডিপিসি।

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি।
০২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জেডিপিসি।
০৩। নির্বাহী পরিচালক মহোদয়ের পার্সোনাল অফিসার, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

on line (zoom) এ দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা, তারিখ: ২৪ মার্চ ২০২৪



জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

**বিষয়ঃ ২৪ মার্চ ২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৩য় ত্রৈমাসিক সভায় উপস্থিতির তালিকা।**

| ক্রমিক নং | নাম , পদবী ও ঠিকানা | ইমেইল /মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১। | জনাব গোপাল চন্দ্র দাশ<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি | 01711664838 | সভাপতি [signature] |
| ০২। | জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি), জেডিপিসি। | mrp@jdpc.gov.bd<br>9101303 | [signature] 24.03.2024 |
| ০৩। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট ও প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী, জেডিপিসি। | biplabjahan75@gmail.com<br>01711446576 | [signature] 28/03/24 |
| ০৪। | জনাব  নুসরাত জাহান, সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ,জেডিপিসি। | njahan2026@gmail.com<br>01712014595 | [signature] 28/03/24 |
| ০৫। | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম,মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি। | 01757111567 | [signature] 28/03/24 |
| ০৬। | জনাব সৈয়দ জাকারিয়া, পার্সোনাল অফিসার, জেডিপিসি। | Zakaria.Sayed73@gmail.com<br>01711973849 | [signature] 24.03.2024 |
| ০৭। | জনাব মোঃ আঃ ছালাম, পার্সোনাল অফিসার, জেডিপিসি | 01710953542 | [signature] 28/03/24 |
| ০৮। | জনাব মোঃ আব্দুল হান্নান মিয়াজি, পার্সোনাল অফিসার, জেডিপিসি | 01715753808 | [signature] 28.03.24 |
| ০৯। | জনাব মামুন-আল ফেরদৌস, কম্পিউটার এন্ড ডাটা ব্যাংক অপারেটর, জেডিপিসি। | 01718891906 | [signature] 28.03.2024 |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

**বিষয়:** সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন জেইএসসি'র সমন্বয়ে আয়োজিত online (৩য় ত্রৈমাসিক) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব সীমা বোস অধরা<br>পরিচালক (এমআরপি)<br>জেডিপিসি |
| স্থান | : জেডিপিসি'র সম্মেলন কক্ষ (১৪৫, মনিপুরী পাড়া তেজগাঁও, ঢাকা)। |
| তারিখ | : ২৪ মার্চ ২০২৪ |

**উপস্থিতি পরিশিষ্ট-'ক'**

সভাপতি সূচনা বক্তব্যে কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জেডিপিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীদের পরিচয় পর্ব শেষে তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সম্ভাবনা ও অন্তরায় চিহ্নিত করে বাস্তবায়ন করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন । তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে সংশ্লিষ্ট বিষয়ে উপস্থাপন করা জন্য অনুরোধ করেন।

২.০ অত:পর সভাপতির নির্দেশনা মোতাবেক মোঃ জাহাঙ্গীর আলম প্রণয়নকৃত কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সভাপতি প্রত্যেক ত্রৈমাসিকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ও কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা মোতাবেক কাজ করার অনুরোধ করেন। সেবা প্রদানের ক্ষেত্রে কোন অভিযাগ পাওয়া গেলে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সমাধান করার নির্দেশনা প্রদান করে।

২.১ জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি) বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সম্পুন্ন করতে হবে এবং এ ক্ষেত্রে কোন রকম ব্যত্যয় বা শৈথিল্য গ্রহণযোগ্য হবে না মর্মে সকলকে সতর্ক করেন। তিনি আরও বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি গুলো সঠিকভাবে বাস্তবায়নের মাধ্যমে জেডিপিসিকে দেশ ও দেশের বাহিরে একটি উচ্চতর জায়গায় নিয়ে যাওয়া সম্ভব।

২.২ টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গীর আলম বলেন, প্রতি কোয়ার্টারের প্রথম সপ্তাহে কমিটির সভা আয়োজন করার জন্য নির্দেশনা রয়েছে। তিনি জেডিপিসি'র ওয়েব সাইটে কনটেন্ট অনুযায়ী বাস্তবায়িত প্রতিটি কার্যক্রমের প্রমাণকগুলো আপলোড করার জন্য কম্পিউটার ডাটা ব্যাংক অপারেটরকে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, জেডিপিসি'র অর্থনৈতিক স্বক্ষমতা বাড়ানোর জন্য ৬টি জেইএসসি'র ইনচার্জকে একটি কর্মপরিকল্পনা তৈরী করে সে অনুযায়ী কাজ বাস্তবায়নের জন্য একটি তাগিদপত্র দেওয়া যেতে পারে।

২.৩ সিনিয়ন ডিজাইন এক্সিকিউটিভ জনাব নুসরাত জাহান বলেন, জেডিপিসি'র উদ্যোক্তাদের বিভিন্ন সময়ে বিভিন্ন প্রকার নাগরিক সেবা প্রদান করে আসছে। সিটিজেন চার্টারের সেবাসমূহ গুরুত্বসহকারে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিপালন করতে হবে। তিনি উদ্যোক্তাদের সেবা প্রদানের ক্ষেত্রে সকলকে আরো দায়িত্বশীল ও আন্তরিক হওয়ার আহবান জানান।

২.৪ মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোঃ মোজাহিদুল ইসলাম বলেন, সেবা পাওয়ার ক্ষেত্রে সেবা গ্রহীতা অসন্তুষ্ট হলে কারণ অনুসন্ধান করে সে মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। উদ্যোক্তাদের মোবাইলে, ফোনে, ইমেইলে ও জেডিপিসি'র ওয়েব সাইটের মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের তথ্য প্রেরণ করা জন্য কম্পিউটার এন্ড ডাটা ব্যাংক অপারেটরকে অনুরোধ জানান। কোন অভিযোগ থাকলে তা নির্ধারিত সময়ের মধ্যে নিস্পন্ন করা সকলের দায়িত্ব বলে তিনি মতামত প্রদান করেন।

২.৫ পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া সেন্টার ইন-চার্জদের উদ্দেশ্যে বলেন, উদ্যোক্তাদের নিবন্ধন আরো বাড়াতে হবে। তিনি বলেন, যে সকল উদ্যোক্তা জেডিপিসি'র মেলায় অংশগ্রহণ করতে চান তাদেরকে অবশ্যই সঠিক সময়ের মধ্যে মেলা মাঠে উপস্থিত করার জন্য সকলের সাথে যোগাযোগ বাড়াতে হবে।

২.৬ জেইএসসি ঢাকা এর সেন্টার ইন-চার্জ জনাব ইসতিয়াক আহমেদ বলেন, সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

২.৭ জেইএসসি রংপুর সেন্টার ইন-চার্জ জনাব দিদারুল হক বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং এ সংক্রান্ত কার্যক্রমের প্রমাণক মেইলে প্রেরণ করা হবে।

২.৮ জেইএসসি যশোর সেন্টার ইন-চার্জ জনাব মাজেদুর রহমান ভূঞা বলেন, সিটিজেন চার্টার এর কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

২.৯ জেইএসসি চট্রগ্রামের বিপণনসহকারী জনাব স্বপন কুমার মোহন্ত বলেন, সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রধান কার্যলয়ে প্রেরণ করা হয়েছে।

৩.০ সভাপতি বলেন, জেডিপিসি'র আওতাধীন জেইএসসি গুলোকে ঢেলে সাজাতে হবে। তিনি সেন্টার গুলোকে কাজের পরিধি বৃদ্ধিসহ আয় বাড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন এবং মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোঃ মোজাহিদুল ইসলামকে আগামী প্রতিটি সেন্টারে ফেব্রিক্সসহ প্রয়োজনীয় কাচাঁমাল প্রেরণ করার জন্যও নির্দেশনা প্রদান করেন। তিনি প্রত্যেক সেন্টার ইন-চার্জকে গত ০৬ (ছয়) মাসের বাস্তবায়িত কার্যক্রমের প্রমাণকসহ তথ্যাবলী আগামী ২৮ মার্চের ২০২৪ এর মধ্যে জেডিপিসি'র প্রধান কার্যালয়ে প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন।

**৪.০ আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়:**

(ক) প্রত্যেক জেইএসসিকে সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রমাণকসহ ২৮ মার্চ ২০২৪ তারিখের মধ্যে জেডিপিসি'র প্রধান কার্যালয়ে দাখিল করতে হবে।

(খ) চাহিদা মোতাবেক প্রতিটি সেন্টারে ফেব্রিক্সসহ প্রয়োজনীয় কাচাঁমাল প্রেরণ করতে হবে।

৫.০ অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02.04.2024

(সীমা বোস অধরা )
পরিচালক (এমআরপি)
জেডিপিসি
ফোন নং-০২-৯১০১৩০৩